



STATE FISHERY OFFICERS' ASSOCIATION, WEST BENGAL

(Registration No.: SO20 I220)

PASCHIM BANGA RAJYA SARKARI KARMACHARI FEDERATION

Head Office: BENFISH Building, (3rd Floor), Kolkata-91

Website: sfoawb.org e-mail: sfoawbcolotola@gmail.com

মৎস্য দপ্তরের পুনর্গঠন অবিলম্বে সম্পন্ন করার জন্য ডেপুটেশন - একটি প্রতিবেদন

পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের অন্তর্গত মৎস্য দপ্তরের সকল স্তরের আধিকারিকদের নিয়ে গঠিত একমাত্র সংগঠন 'স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েসন, ওয়েস্ট বেঙ্গল' জননেত্রী মমতা ব্যানার্জীর মতাদর্শকে হৃদয়ে রেখে মাননীয় মৎস্যমন্ত্রী চন্দ্রনাথ সিংহের পথ-নির্দেশিকায় মৎস্য দপ্তরের সকল উন্নয়নমূলক কাজের একনিষ্ঠ সৈনিকের ভূমিকা পালন করে চলেছে।

মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়া কর্তৃক ২০১৩ সালে গঠিত স্পেশাল টাস্ক ফোর্স অন ফিসারীজ এর সুপারিশ মোতাবেক মৎস্য দপ্তরের দুর্বল সম্প্রসারণ পরিকাঠামোয় বদল এনে রাজ্যের কৃষি ও প্রাণী সম্পদ দপ্তরের সমতুল পরিকাঠামো গড়ে তোলার মাধ্যমে রাজ্যের মৎস্য দপ্তরের সার্বিক উন্নয়নের পাশাপাশি মাছ উৎপাদনে দেশের সেরার মুকুট পুনরুদ্ধার করা।

মৎস্য দপ্তরের পুনর্গঠন আশু জরুরী কারন:-

১। কৃষিজ দপ্তরগুলির মধ্যে এই মুহুর্তে মাছ চাষ গ্রামীন বাংলার আর্থিক বিকাশের সবথেকে শক্তিশালী হাতিয়ার। এক বিঘা জমিতে ধান চাষ করে বছরে যেখানে দশ হাজার টাকা লাভ করা কঠিন সেখানে এক বিঘা পুকুরে মাছ চাষে বছরে পঞ্চাশ হাজার থেকে পঁচ লক্ষ টাকা পর্যন্ত লাভ পাওয়া সম্ভব।

২। যেহেতু লাভ বেশি তাই লক্ষ-লক্ষ আগ্রহী ছেলে-মেয়েদের মাছ চাষ ও আনুসঙ্গিক কাজে স্বনির্ভর করে তোলা ভীষণভাবে সম্ভব।

৩। মাছে-ভাতে বাঙালির পাতে উচ্চ প্রোটিনযুক্ত খাবার হিসেবে আরো বেশি-বেশি বিবিধ মাছের পদ পরিবেশন নিশ্চিত করা।

৪। মাছ চাষের জন্য জল ধরো জল ভরো প্রকল্প সহ অন্যান্য প্রকল্পের মাধ্যমে নতুন নতুন জলাশয় তৈরী তথা পুরানো জলাশয়গুলির সংস্কার, সংরক্ষন ও সদ্যবহারের মাধ্যমে পরিবেশকে তরতাজা রাখা।

৫। আগামী ৩ বছরের মধ্যে রাজ্যের মাছের উৎপাদন দ্বিগুন বৃদ্ধির মাধ্যমে দেশে মাছের উৎপাদনে রাজ্যকে প্রথম স্থানে প্রতিষ্ঠিত করা।

৬। আগামী ৩ বছরের মধ্যে মাছ বিক্রি করে বছরে অন্তত দশ হাজার কোটি বিদেশি টাকা আয় নিশ্চিত করা।

দুর্ভাগ্যের বিষয় সাত বছরের বেশি সময় চলে গেলেও কর্তৃপক্ষের উদাসিনতায় এখনো দপ্তরের পুনর্গঠন সম্পন্ন হলো না ফলে রাজ্যের লক্ষ-লক্ষ মৎস্যজীবী/মাছ চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। মাছ উৎপাদনে দেশের বিভিন্ন রাজ্যের বাৎসরিক বৃদ্ধির হারে আমরা পিছিয়ে পড়ছি যা আর কোনোমতেই হতে দেওয়া যাবে না।

এই অবস্থায়, মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ার প্রয়াসকে সাফল্যমন্ডিত করতে ও রাজ্যে নীল বিপ্লব এর সার্থক রূপায়নে মৎস্য দপ্তরের পুনর্গঠন প্রস্তাব যাতে অতি দ্রুত বাস্তবায়িত হয় সেই লক্ষ্যে আমাদের সংগঠন গত ০৬ই নভেম্বর, ২০২০ সারা রাজ্য ব্যাপী জেলাস্তরে, ১০ই নভেম্বর, ২০২০ সারা রাজ্য ব্যাপী জোনাল স্তরে এবং ১৩ই নভেম্বর, ২০২০ রাজ্যস্তরে মাননীয় মৎস্যমন্ত্রী, মুখ্য সচিব ও মৎস্য অধিকর্তার নিকট দাবিসনদ পেশ করেছে।

রাজ্যের আপামর মাছে-ভাতে বাঙালির নিকট সংগঠন এই বিষয়ে সমর্থন ও শুভেচ্ছা প্রার্থনা করে।



Darjeeling District



Cooch Behar District



Jalpaiguri District



Alipurduar District



Uttar Dinajpur District



Dakshin Dinajpur District



Malda District



Murshidabad District



Birbhum District



Nadia District



Purba Bardhaman District



Paschim Bardhaman District



Siliguri Unit



Kalyani Farm Unit



Hooghly District



Howrah District



Bankura District



Purulia District



Jhargram District



Paschim Medinipur District



Purba Medinipur District



North 24 Parganas District



South 24 Parganas District



ADF Marine Diamond Harbour



ADF Brackishwater S 24 Pgs



Northern Zone



Gour Banga Zone



Central Zone



Kolkata Zone



Western Zone



The Director of Fisheries, WB



The Principal Secretary, Fisheries Dept, WB



Hon'ble MIC, Fisheries Dept.,WB



মা-মাটি-মানুষের সরকারের জননেত্রী মমতা ব্যানার্জী জিন্দাবাদ

মৎস্যমন্ত্রী চন্দ্রনাথ সিংহ জিন্দাবাদ

পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশন জিন্দাবাদ

স্টেট ফিসারী অফিসার্স অ্যাসোসিয়েসন, ওয়েস্ট বেঙ্গল জিন্দাবাদ

Shri Debasish Kr. Khatua
President

Dr. Sk. Abul Kashem
Working President

Shri Debasish Halder
General Secretary

Prepared & Presented by Dr. Narayan Bag, OS and Shri Rabindranath Kundu, DS, Howrah